


“শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার কার্যালয়
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোনঃ (+৮৮০-২) ৯৫০৪২৫৫
ফ্যাক্সঃ (+৮৮০-২) ৪৭১১৮৪৪৯
তারিখ: ০৪ নভেম্বর, ২০২০

জবি/প্রশা/একা-৩৪(২৪)/২০১২/৮২২

জরুরী বিজ্ঞপ্তি

বিষয়: মাত্র ৯৯ টাকায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পাবে ৩০ জিবি ডাটা।


সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয় চলমান অনলাইন শিক্ষা-কার্যক্রম পরিচালনার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের-কে নিম্নে উল্লিখিত রেজিস্ট্রেশন ও ব্যবহারের শর্তাবলী সাপেক্ষে সাশ্রয়ী মূল্যে ডাটা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এমতাবস্থায় অর্থাৎ সকলকে নিম্নে প্রদত্ত লিঙ্কের মাধ্যমে রেজিস্ট্রেশন করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।

রেজিস্ট্রেশন লিঙ্ক: <https://datapackage.jnu.ac.bd>

রেজিস্ট্রেশন ও ব্যবহারের শর্তাবলীঃ

- উপরোক্ত লিঙ্কে রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর 'রবি' রেজিস্ট্রেশনকৃত মোবাইল নম্বরে ডাটা প্যাকেজে অন্তর্ভুক্ত হওয়ার Confirmation Message প্রদান করবে। অতঃপর ১৯৯ টাকা Recharge করতে হবে এবং USSD Code (*123*7733#) Dial করে বিশ্ববিদ্যালয় ও 'রবি' প্রদত্ত সুবিধাটি উপভোগ করা যাবে;
- একজন শিক্ষার্থী ১৯৯ টাকার বিনিময়ে প্রতিমাসে ৩০ জিবি ডাটা পাবেন এবং প্রতিমাসের অব্যবহৃত ডাটা পরবর্তী মাসে স্বয়ংক্রিয়ভাবে যুক্ত হবে। তবে উল্লেখ্য যে, শিক্ষার্থীকে প্রথমবার বাউন্সলটি কিনতে ১৯৯ টাকা প্রদান করতে হবে (সরকারী নীতিমালা অনুসারে), এরপর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ রবি কর্তৃপক্ষের সংগে Number Share করার সাথে সাথে 'রবি' শিক্ষার্থীর Mobile Number-এ ১০০ টাকা Recharge পাঠিয়ে দিবে। উক্ত ১০০ টাকা জবি'র পক্ষ থেকে শিক্ষার্থীদের অনুকূলে ভর্তুকি হিসেবে 'রবি'-কে প্রদান করা হবে;
- প্যাকেজটি ০৫ নভেম্বর, ২০২০ হতে কার্যকর হবে এবং আপাততঃ ৫ জানুয়ারী, ২০২১ পর্যন্ত বিশ্ববিদ্যালয় ভর্তুকি প্রদান করবে। প্রয়োজনে ভর্তুকির প্রদানের মেয়াদ বৃদ্ধি করা হবে। নিজস্ব অর্থায়নে সমস্ত ভর্তুকি প্রদান করা হবে;
- শুধুমাত্র জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীরা এ সুবিধা পাবেন;
- ব্যবহারকারীর অবশ্যই রবি/এয়ারটেল SIM কার্ড থাকতে হবে। যাদের রবি/এয়ারটেল SIM কার্ড থাকবে না তারা রেজিস্ট্রেশন লিংকে প্রদত্ত ৭৭টি address-এর যে কোন একটিতে যোগাযোগ করে বিনামূল্যে SIM কার্ড সংগ্রহ করতে পারবেন। এখানে উল্লেখ্য SIM কার্ড সংগ্রহের জন্য জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ID Card এবং NID Card অবশ্যই সঙ্গে নিয়ে যেতে হবে;
- একটি রবি/এয়ারটেল SIM কার্ড দিয়ে একবারই রেজিস্ট্রেশন করা যাবে;
- এই ডাটা প্যাকেজের মাধ্যমে যে সমস্ত সেবাগুলো গ্রহণ করা যাবে:
 - জগন্নাথ বিশ্ববিদ্যালয় ওয়েব পোর্টাল, ই-লাইব্রেরী পোর্টাল;
 - জি-মেইল;
 - বিভিডিরন জুম;
 - হট-মেইল;
 - গুগল ড্রাইভ;
 - ইয়াহু মেইল।
 - হোয়াটসঅ্যাপ;
- শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দও ১৯৯ টাকার বিনিময়ে এই সুবিধা পাবেন। তারা কোন ভর্তুকি সুবিধা পাবেন না;
- জগন্নাথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন ধরনের পূর্ব-অবগতি ব্যতিরেকে শর্তের ধারা/মোবাইল নম্বর যুক্ত করা-বাতিল করা/ডাটা প্যাকেজের পরিবর্তন/ডাটা অপব্যবহারকারীর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,



৪/১১/২০২০
(প্রকৌশলী মোঃ হিদুজ্জামান)
রেজিস্ট্রার

তারিখ: ০৪ নভেম্বর, ২০২০

জবি/প্রশা/একা-৩৪(২৪)/২০১২/৮২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলোঃ

১. ভীন, সকল অনুঘদ, জবি;
২. পরিচালক, সকল ইনস্টিটিউট, জবি;
৩. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
৪. গ্রন্থাগারিক, কেন্দ্রীয় গ্রন্থাগার, জবি;
৫. প্রক্টর, জবি,
৬. পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/পউও/নেটওয়ার্কিং এন্ড আইটি/পিআরআইপি/IQAC), জবি;
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
৮. প্রধান প্রকৌশলী, প্রকৌশলী দপ্তর, জবি;
৯. পরিবহন প্রশাসক, পরিবহন পুল, জবি;
১০. ডেপুটি রেজিস্ট্রার/পি.এস. টু ভিসি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
১১. উপ-পরিচালক(অডিট), ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
১২. ডেপুটি চীফ মেডিকেল অফিসার, মেডিকেল সেন্টার, জবি;
১৩. সহকারী পরিচালক (শারীরচর্চা), শারীরচর্চা শিক্ষা কেন্দ্র, জবি;
১৪. সহকারী রেজিস্ট্রার (ব্যক্তিগত শাখা), রেজিস্ট্রার দপ্তর, জবি;
১৫. নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট নথি/অফিস নথি।


০৪.১১.২০২০

(মোঃ আল হেলাল উদ্দিন)
ডেপুটি রেজিস্ট্রার